

প্রকল্প আধিকারিক তথা জেলা কল্যাণ আধিকারিক এর কার্যালয়
অনগ্রসর সম্প্রদায় কল্যাণ দপ্তর, পুরুলিয়া
পশ্চিমবঙ্গ সরকার

ক্রমিক নং - ১১৩৭/১২.১৫

তারিখ- ১০/১২/১৫

আদিবাসী ছাত্র-ছাত্রীদের জন্য একলব্য আদর্শ আবাসিক বিদ্যালয়ে ভর্তির বিজ্ঞপ্তি

পশ্চিমবঙ্গ অনগ্রসর শ্রেণী কল্যাণ দপ্তর দ্বারা পরিচালিত পুরুলিয়া জেলার মানবাজার ব্লক-২ এর অন্তর্গত শুশুনিয়া গ্রামে অবস্থিত শুধুমাত্র আদিবাসী ছাত্র-ছাত্রীদের জন্য একলব্য মডেল রেসিডেনসিয়াল স্কুলে ইংরেজী মাধ্যমে ২০১৬ শিক্ষাবর্ষে ষষ্ঠ শ্রেণী থেকে নবম শ্রেণী পর্যন্ত নিম্নলিখিত সূচী অনুযায়ী ভর্তি প্রক্রিয়া শুরু হবে -

- ১) ফর্ম তোলা ও জমা - ১৪.১২.২০১৫ - ২৬.১২.২০১৫
- ২) ভর্তির পরীক্ষা - ২৯.১২.২০১৫
- ৩) পরীক্ষার ফল প্রকাশ - ৩১.১২.২০১৫
- ৪) ভর্তির তারিখ - ০২.০১.১৬ - ০৯.০১.১৬

বি.দ্র - সম্ভাব্য আসনসংখ্যা ১৬.১২.১৫ তারিখে বিদ্যালয়ের নোটিশ বোর্ডে দেওয়া হবে।

সুযোগ সুবিধা :

- * এই আবাসিক বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের পড়াশোনা, খাকা-খাওয়া, কোচিং, বিদ্যালয়ের পোশাক, শরীরচর্চা, সেমিনার ইত্যাদির জন্য কোন টাকা লাগে না।
- * অসাধারণ প্রাকৃতিক সৌন্দর্যের মধ্যে অবস্থিত এই বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের জন্য পৃথকভাবে উন্নতমানের হস্টেল পরিকাঠামো রয়েছে।
- * ছাত্র-ছাত্রীদের খাওয়ার জন্য পৃথকভাবে উন্নতমানের ডাইনিং রুমের ব্যবস্থা রয়েছে।
- * ২৪ ঘন্টা বিদ্যুৎ ও পানীয় জলের সুবিধা আছে।
- * মডার্ন কম্পিউটার অ্যাপ্লিকেশন বিষয় আছে এবং প্রতি শ্রেণীতে কম্পিউটার বিষয় পাঠন-পাঠনের সুব্যবস্থা আছে।
- * প্রতি সপ্তাহে আভিজ্ঞ ও সুচিকিৎসক দ্বারা প্রতি ছাত্র-ছাত্রীর মেডিকাল চেক-আপ এবং

বিনামূল্যে প্রয়োজনীয় ঔষধ সরবরাহ করা হয়।

* উচ্চ-মাধ্যমিক স্তরে বিজ্ঞান ও কলা বিভাগে উন্নতমানের ল্যাবরেটরি (প্রতি বিষয়ে আলাদাভাবে) ব্যবস্থা রয়েছে।

* উন্নতমানের গ্রন্থাগারের সুবিধা রয়েছে।

* প্রয়োজনের সহযোগে শিক্ষকের ব্যবস্থা আছে।

* ২০০৬ সাল থেকে ২০১৫ সাল পর্যন্ত মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক স্তরে পাশের হার ৯০% এর উপরে।


* ছাত্র-ছাত্রীদের জন্য পৃথকভাবে সঙ্গীত শেখার ব্যবস্থা আছে।

* অভিজ্ঞ ও প্রশিক্ষিত শিক্ষক শিক্ষিকা দ্বারা যত্ন-সহকারে, স্নেহশীলভাবে এই বিদ্যালয়ে পঠন-পাঠন, সাংস্কৃতিক অনুষ্ঠান, খেলাধুলা ইত্যাদি সুন্দরভাবে সুসম্পন্ন করা হয়ে থাকে।

* যে সমস্ত ছাত্র-ছাত্রী ফিডার স্কুলে পঞ্চম শ্রেণী থেকে ষষ্ঠ শ্রেণীতে উন্নীত হবে তাদেরও প্রবেশিকা পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে, তবেই তারা ভর্তির সুযোগ পাবে।

এছাড়া বিস্তারিত জানতে বিদ্যালয়ে যোগাযোগ করুন (রবিবার বাদে) -

ফোন নং- ৯৯৩৩৪৬৮৮৪০ প্রিন্সিপ্যাল - অজিত কুমার মাহাত



প্রকল্প আধিকারিক তথা জেলা কল্যাণ আধিকারিক
অনগ্রসর সম্প্রদায় কল্যাণ দপ্তর, পুরুলিয়া

ক্রমিক নং - ১৯৩৩/৩১ হি. নি. ৩১৩

তারিখ- ১৯/১২/১৫

অনুলিপি জ্ঞাতার্থে আধিকারিকদের নিকট প্রেরিত হইল -

১) অতিরিক্ত নির্বাহী আধিকারিক, পুরুলিয়া জেলা পরিষদ (জেলা পরিষদের ওয়েবসাইটে নোটিশ আপলোডিং এর জন্য দেওয়া হইল।)

২) তথ্য সংস্কৃতি আধিকারিক (১টি স্থানীয় পত্রিকায় সংক্ষিপ্ত নোটিশ পাবলিশ করার জন্য দেওয়া হইল।)

৩) ডি.আই.ও, এন.আই.সি (বিভাগীয় ওয়েবসাইটে সংক্ষিপ্ত নোটিশ আপলোডিং এর জন্য দেওয়া হইল।)



প্রকল্প আধিকারিক তথা জেলা কল্যাণ আধিকারিক
অনগ্রসর সম্প্রদায় কল্যাণ দপ্তর, পুরুলিয়া